

আমি স্বপনে রয়েছি ভোর, সখী, আমারে জাগায়ো না ।  
 আমার সাধের পাখি যারে নয়নে নয়নে রাখি  
 তারি স্বপনে রয়েছি ভোর, আমার স্বপন ভাঙায়ো না ।  
 কাল ফুটিবে রবির হাসি, কাল ছুটিবে তিমিররাশি—  
 কাল আসিবে আমার পাখি, ধীরে বসিবে আমার পাশ ।  
 ধীরে গাহিবে সুখের গান, ধীরে ডাকিবে আমার নাম ।  
 ধীরে বয়ান তুলিয়া নয়ান খুলিয়া হাসিব সুখের হাস ।  
 আমার কপোল ভ'রে শিশির পড়িবে ঝ'রে—  
 নয়নেতে জল, অধরেতে হাসি, মরমে রহিব ম'রে !  
 তাহারি স্বপনে আজি মজিয়া রয়েছি আঁখি—  
 কখন আসিবে প্রাতে আমার সাধের পাখি  
 কখন জাগাবে মোরে আমার নামটি ডাকি ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Raag: Mishra Asabari  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail